

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 08-11-2024  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ডঃ বি আর আম্বেদকরের সমাজে সমতা বজায় রেখে চলার স্বপ্নকে বাস্তবায়নের পথে এগিয়ে নিয়ে যাচ্ছেন।
- (২) মৎস্য মন্ত্রী সুধাংশু দাসের পৌরহিত্যে আজ আগরতলার মৎস্য অধিকর্তার কার্যালয়ে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়।
- (৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ আস্থা প্রকাশ করেছেন যে সরকারের "দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স" নীতি দুর্নীতিকে শিকড় থেকে নির্মূল করবে।
- (৪) রঞ্জি ট্রফির চারদিনের খেলায় বরোদার বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নিয়ে চালকের আসনে রয়েছে ত্রিপুরা।

\*\*\*\*\*

**CM- Rabindra Bhawan :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ডঃ বি আর আম্বেদকরের সমাজে সমতা বজায় রেখে চলার স্বপ্নকে বাস্তবায়নের পথে এগিয়ে নিয়ে যাচ্ছেন। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে অন্যান্য পশ্চাদপদ শ্রেণী কল্যাণ দপ্তর আয়োজিত ডঃ বি আর আম্বেদকর মেধা সন্মাননা ও বিদ্যাসাগর সামাজিক সাংস্কৃতিক পুরস্কার প্রদান অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন ত্রিপুরা সরকারও ওবিসি সম্প্রদায় ভুক্ত লোকেদের কল্যাণে কাজ করছে। তিনি বলেন রাজ্যে উন্নয়নকেই

অগ্রাধিকার দেয়া হচ্ছে এবং সরকার সবাইকে নিয়ে চলতে আগ্রহী। তিনি বলেন বর্তমান প্রজন্মকে ভবিষ্যৎ প্রজন্মের জন্য সুরক্ষা, স্বাস্থ্য, কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে। মুখ্যমন্ত্রী বলেন সমাজে কৃষক, মহিলা, যুব ও গরিবদের উন্নয়ন হলে দেশের উন্নয়ন হবে। তিনি বলেন কেন্দ্র সরকারের সঙ্গে রাজ্য সরকারও ওবিসিদের আর্থ সামাজিক উন্নয়নকে বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করছে। অনুষ্ঠানে ওবিসি কল্যাণ দপ্তরের মন্ত্রী সান্তনা চাকমা বলেন বর্তমান সময়ে ওবিসি সম্প্রদায় ভুক্ত ছাত্রছাত্রীরা অন্যান্য সম্প্রদায়ের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে এগিয়ে চলেছে। তিনি বলেন রাজ্য সরকারের লক্ষ্য হচ্ছে শিক্ষার মানোন্নয়ন। শ্রীমতি চাকমা বলেন ওবিসি ছাত্রছাত্রীদের পড়াশুনার জন্য দপ্তর খণ দেওয়া সহ মেধাবী ছাত্রছাত্রীদের স্বর্ণপদক প্রদান করছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, ওবিসি কল্যাণ দপ্তরের অধিকর্তা মোহাম্মদ সাজ্জাদ পি, সচিব তাপস রায়, ওবিসি রাজ্য কমিশনের চেয়ারম্যান তাপস মজুমদার প্রমুখ। অনুষ্ঠানে ৪জন বিশিষ্ট শিক্ষাবিদকে বিদ্যাসাগর সামাজিক সাংস্কৃতিক পুরস্কার ২০২৩ এবং একজন শিক্ষাবিদ ও একজন সমাজসেবীকে বিদ্যাসাগর সামাজিক সাংস্কৃতিক পুরস্কার ২০২৪ প্রদান করা হয়। তাছাড়া ৪০ জন ছাত্রছাত্রীকে ডঃ বিআর আশ্বেদকর স্বর্ণ পদক প্রদান করা হয়।

\*\*\*\*\*

#### **Fishery Meeting :**

মৎস্য মন্ত্রী সুধাংশু দাসের পৌরহিত্যে আজ আগরতলার মৎস্য অধিকর্তার কার্যালয়ে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে মৎস্য মন্ত্রী সাংবাদিকদের জানান, সাম্প্রতিক বন্যায় রাজ্যের মৎস্য চাষিদের ১,৩৫০ কোটি টাকার ক্ষতি হয়েছে। রাজ্য সরকার এখনও পর্যন্ত দশ কোটি টাকা আর্থিক সহায়তা দিয়েছে। পর্যালোচনা বৈঠকে মাছের উৎপাদন কিভাবে আরও বাড়ানো যায় তা নিয়েও আলোচনা হয়েছে। তিনি জানান, রাজ্যে বছরে প্রায় ১ লক্ষ ১৬ হাজার মেট্রিক টন মাছের চাহিদা রয়েছে। সেক্ষেত্রে রাজ্যে প্রায় ৮৩ হাজার মেট্রিক টন মাছ উৎপাদন

হয়। চাহিদার তুলনায় ঘাটতি প্রায় ৩২ হাজার মেট্রিক টন মাছ।  
এই ঘাটতি মেটাতে পশ্চিমবঙ্গ, ওড়িশা, অন্ধপ্রদেশ ও বাংলাদেশ  
থেকে মাছ আনা হচ্ছে।

\*\*\*\*\*

#### **Sushanto Chowdhury :**

পর্যটন ও পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ রানিরবাজারে একটি  
স্বাস্থ্য কেন্দ্রের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে তিনি বলেন  
রাজ্যে স্বাস্থ্য পরিষেবার উন্নতির ক্ষেত্রে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র ও  
উপস্বাস্থ্য কেন্দ্রগুলি বিশেষ ভূমিকা পালন করছে। জটিল  
অস্ত্রোপচার থেকে শুরু করে বিভিন্ন রোগের চিকিৎসা রাজ্যে  
সম্ভব হচ্ছে।

\*\*\*\*\*

#### **Radiography Day :**

বিশ্ব রেডিওগ্রাফি দিবস উপলক্ষ্যে আজ ইন্ডিয়ান সোসাইটি অফ  
রেডিওগ্রাফার এন্ড টেকনোলজিস্ট, AMRIT এবং ত্রিপুরা  
ইনস্টিটিউট অফ প্যারামেডিকেল সায়েন্সের উদ্যোগে একটি  
সচেতনতামূলক রেলির আয়োজন করা হয়। রেলিটি আগরতলার  
রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণ থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন  
পথ পরিক্রমা করে রবীন্দ্র ভবনের সামনে এসে শেষ হয়।  
রেলিটির পরিচালন কমিটির আহ্বায়ক ত্রিদিপ বণিক জানান প্রতি  
বছর ৮ই নভেম্বর, এক্স-রেডিয়েশনের আবিষ্কারক বিজ্ঞানী  
উইলহেম কনরাড রন্টজেনকে সম্মান জানাতে বিশ্ব রেডিওগ্রাফি  
দিবস পালন করা হয়। তাছাড়া মানুষকে রেডিওগ্রাফি সম্পর্কে  
জানাতেও এই রেলিটির আয়োজন করা হয়েছে বলে জানান তিনি।  
প্রসঙ্গত উল্লেখ্য এই বছরের রেডিওগ্রাফি দিবসের মূল বিষয় হচ্ছে  
রেডিওগ্রাফার্স : সিইং দ্যা আনসিন।

\*\*\*\*\*

#### **NIPUN Mission :**

National Council of Educational Research and Training অর্থাৎ NCERT রাজ্যে নিপুন মিশন বাস্তবায়নের উচ্চ প্রশংসা করেছে। এন সি ই আর টি-র ৬ সদস্যের এক বিশেষ প্রতিনিধি দল গত ৩ দিন রাজ্যে অবস্থানকালে প্রথম শ্রেণির ছাত্রছাত্রীদের জন্য বিদ্যা প্রবেশের মূল্যায়ন করেন। প্রতিনিধিদল রাজ্যের প্রতিটি জেলা পরিদর্শন করেন এবং বিদ্যা সেতু মডিউলের ব্যবহার, নিপুন মিশনের বাস্তবায়ন ইত্যাদি খতিয়ে দেখেন। এন সি ই আর টি-র প্রতিনিধি দল রাজ্যে বুনিয়াদী শিক্ষার মান উন্নয়নে যেভাবে কাজ করা হচ্ছে তাতে সন্তোষ প্রকাশ করেন।

মূল্যায়ন প্রক্রিয়া শেষে আগরতলায় বিদ্যালয় শিক্ষা দপ্তরের আধিকারিকদের সঙ্গে এক বৈঠকে এন সি ই আর টি প্রতিনিধি দলের প্রধান অধ্যাপক ড: কে বিজয়ন বলেন, ত্রিপুরায় নিপুন মিশনের বাস্তবায়নে নিপুন সেল অসাধারণ কাজ করেছে। এন সি ই আর টি-র প্রতিনিধি ড: মেলিসা ওয়ালং, ড: শালিনী দিক্রিত, ড: আনন্দ আরিয়া, ড: সনমুগম ভাষা, ড: তরুণ কৌশিক বৈঠকে উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ আস্থা প্রকাশ করেছেন যে সরকারের "দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স" নীতি দুর্নীতিকে শিকড় থেকে নির্মূল করবে। তিনি বলেন যে সততা এবং শৃঙ্খলা ভারতীয় সমাজে জীবনের আদর্শ হিসাবে বিবেচিত হয়। রাষ্ট্রপতি নতুনদিল্লিতে সেন্ট্রাল ভিজিল্যান্স কমিশনের ভিজিল্যান্স সচেতনতা সপ্তাহ ২০২৪ উপলক্ষে একটি অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন। তিনি বলেন, দুর্নীতি এমন একটি ব্যাধি যার মূলে নির্মূল করতে হবে। রাষ্ট্রপতি বলেন, সরকার দুর্নীতি মোকাবেলায় বেশ কিছু উদ্যোগ নিয়েছে। তিনি এই ব্যবস্থাগুলির মধ্যে সরাসরি সুবিধা হস্তান্তর প্রকল্প, ই-মার্কেটপ্লেস এবং অর্থনৈতিক অপরাধী আইনের উল্লেখ করেন।

রাষ্ট্রপতি বলেন, দুর্নীতিবাজদের বিরুদ্ধে দ্রুত আইনি ব্যবস্থা নেওয়া অত্যন্ত জরুরি। বিশ্বাস সামাজিক জীবনের ভিত্তি দাবি করে রাষ্ট্রপতি বলেন, দুর্নীতি শুধু অর্থনৈতিক অগ্রগতির অন্তরায় নয়, এটি সমাজে আস্থার পরিমাণও হ্রাস করে। তিনি বলেন, সরকারের কাজ এবং কল্যাণমূলক প্রকল্পের প্রতি জনগণের আস্থাই শাসনের শক্তির উৎস। অনুষ্ঠানে কেন্দ্রীয় ভিজিল্যান্স কমিশনার পিকে শ্রীবাস্তব বক্তব্য রাখেন।

\*\*\*\*\*

**LK Advani :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রবীণ বিজেপি নেতা লালকৃষ্ণ আদবানিকে তাঁর ৯৭তম জন্মদিনে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে তিনি বলেন, ভারতরত্ন এল কে আদবানি দেশের সবচেয়ে প্রশংসিত রাষ্ট্রনায়কদের মধ্যে একজন যিনি দেশের উন্নয়নের জন্য নিজেকে উৎসর্গ করেছেন। প্রবীণ বিজেপি নেতার দিকনির্দেশনা পাওয়ায় নিজেকে ভাগ্যবান বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী তাঁর দীর্ঘায়ু কামনা করেন। লালকৃষ্ণ আদবানীর জন্মদিনে সামাজিক মাধ্যমে তাঁকে শুভেচ্ছা জানিয়েছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। তিনি বিজেপির প্রতিষ্ঠাতা সদস্য বর্ষীয়ান নেতা শ্রী আদবাণীর দীর্ঘায়ু কামনা করেন। শ্রী আদবানীকে জন্মদিনের শুভেচ্ছা জানিয়েছেন সাংসদ বিপ্লব কুমার দেব।

\*\*\*\*\*

**Special Train :**

ছট পূজা উদযাপন শেষে যাত্রীদের ফেরার ভিড় সামলাতে ভারতীয় রেলওয়ে ৫০০ টিরও বেশি বিশেষ ট্রেনের ব্যবস্থা করেছে। এক বিবৃতিতে রেলওয়ে বোর্ড বলেছে, ফেরত আসা যাত্রীদের সুবিধার্থে রেলওয়ে আজ ১৬৪টি বিশেষ ট্রেন চালাচ্ছে। আগামীকাল ১৬০টি, ১০ই নভেম্বর ১৬১টি এবং ১১ই নভেম্বর

১৫৫টি বিশেষ ট্রেন চালানোর পরিকল্পনা রয়েছে। উল্লেখ্য, পয়লা অক্টোবর থেকে ৩০ নভেম্বর পর্যন্ত উৎসবের সময় বর্ধিত চাহিদা মেটাতে, ভারতীয় রেল মোট ৭,৭২৪টি বিশেষ ট্রেন ঘোষণা করেছে, যা গত বছরের তুলনায় ৭৩শতাংশ বেশি। যাত্রীদের সুবিধাজনক ভ্রমণের জন্য রেলওয়ে সুরক্ষা বাহিনী ও স্বেচ্ছাসেবকদেরও মোতায়েন করা হয়েছে।

\*\*\*\*\*

#### **Youth Festival-Khowai :**

বিধায়ক পিনাকী দাস চৌধুরী আজ খোয়াই নতুন টাউন হলে খোয়াই জেলাভিত্তিক যুব উৎসবের উদ্বোধন করেন। এই উৎসবে গান, কবিতা, আবৃত্তি, নৃত্য ইত্যাদির মাধ্যমে ছাত্রছাত্রীরা নিজেদের প্রতিভাকে তুলে ধরে। জেলা যুব ও ক্রীড়া দপ্তর আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন টিংকু ভট্টাচার্য, অতিরিক্ত জেলাশাসক সুমিত কুমার পাণ্ডে।

\*\*\*\*\*

#### **Workshop :**

বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে আজ কৈলাশহরের উনকোটি কলাক্ষেত্রে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে নিম্ন বুনিয়াদি, উচ্চ বুনিয়াদি, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলির প্রধান শিক্ষক, ভারপ্রাপ্ত শিক্ষকগণ অংশ নেন। উপস্থিত ছিলেন, বিদ্যালয় শিক্ষা অধিকর্তা নৃপেন্দ্র চন্দ্র শর্মা, রাজ্য শিক্ষা ও গবেষণা পর্ষদের অধিকর্তা এল,দারলং প্রমুখ। আগামী চৌঠা ডিসেম্বর অনুষ্ঠেয় ন্যাশনাল এচিভমেন্ট সার্ভের বিষয়ে এখানে আলোচনা ও মতবিনিময় করা হয়।

\*\*\*\*\*

#### **Karmayogi Week :**

সরকার আজ জানিয়েছে যে জাতীয় শিক্ষা কর্মযোগী সপ্তাহে ৩৮লক্ষ ঘন্টার ট্রান্সফর্মের্টিভ লার্নিং ড্রাইভ পরিচালনা করা হয়েছে। কর্মী, জনঅভিযোগ এবং পেনশন মন্ত্রক এক বিবৃতিতে বলেছে যে এই উদ্যোগটি ৪৫ লক্ষেরও বেশি কোর্স নথিভুক্ত করেছে। গত ১৯ থেকে ২৭ অক্টোবর পর্যন্ত যে সপ্তাহটি পালন করা হয়েছিল তাতে ৪ লক্ষ ৩০ হাজার অংশগ্রহণকারী কমপক্ষে চার ঘন্টা প্রশিক্ষণ করেন। প্রায় ৩৭ হাজার গ্রুপ A আধিকারিক সহ, অনেক উর্ধ্বতন কর্মকর্তা, পেশাগত উন্নয়নকে অগ্রাধিকার দিয়েছেন।

\*\*\*\*\*

#### **Blood Donation :**

৭১তম অখিল ভারত সমবায় সপ্তাহ উপলক্ষে রাজ্য সমবায় দপ্তরের উদ্যোগে আজ আগরতলা প্যালেস কম্পাউন্ডে সমবায় নিয়ামক এর কার্যালয় এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। এই রক্তদান শিবিরে উদ্বোধন করেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। তিনি এই উদ্যোগের প্রশংসা করে আগামী দিনে আরো বেশি করে রক্তদানের মত মহৎ কাজে সবাইকে এগিয়ে আসার আহ্বান রাখেন। রক্তদান শিবিরে ৮৪ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

\*\*\*\*\*

#### **C.P.I (M) :**

C.P.I (M) এর উদ্যোগে আজ বিকালে কৈলাশহরের শ্রীনাথপুরে এক জনসভা অনুষ্ঠিত হয়। জনসভায় সিপিআই এম রাজ্য সম্পাদক তথা বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী রাজ্য ও কেন্দ্রীয় সরকারের সমালোচনা করে বক্তব্য রাখেন। বক্তব্য রাখেন, প্রাক্তন শিক্ষামন্ত্রী তপন চক্রবর্তী, সিপিআইএম নেতা সুরমান আলি প্রমুখ।

\*\*\*\*\*

### **Mahila Congress :**

সারা রাজ্যে নারী সংক্রান্ত অপরাধ বৃদ্ধির ঘটনায় রাজ্য মহিলা কমিশনের ভূমিকার সমালোচনা করেন সদর মহিলা কংগ্রেস নেতৃত্ব। এর প্রতিবাদ জানিয়ে আজ রাজ্য মহিলা কমিশন কার্যালয়ের সামনে বিক্ষোভ কর্মসূচীতে সামিল হন তারা। এর আগে একটি বিক্ষোভ মিছিল কংগ্রেস ভবনের সামনে থেকে বের হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

\*\*\*\*\*

### **Ranji Trophy :**

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় বরোদার বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নিয়ে চালকের আসনে রয়েছে ত্রিপুরা। এম বি বি স্টেডিয়ামে আজ ১ উইকেটে ১৯২ রান থেকে তৃতীয় দিনে খেলতে নেমে স্বাগতিক রাজ্যদল প্রথম ইনিংসে লিড নিয়ে ৭ উইকেটে ৪৮২ রান তুলে সমাপ্তির ঘোষণা দেয়। দলের পক্ষে বিক্রম কুমার দাস ৯৭, জীবনজ্যোত সিং ৯৪, তেজস্বী জসওয়াল ৮২, শ্রীদাম পাল ৭৩ ও দলনেতা মনদীপ সিং অপরাজিত ৭৪ রান করেন। ২৪৭ রানে পিছিয়ে থেকে খেলতে নেমে বরোদা দিনের শেষে দ্বিতীয় ইনিংসে কোন উইকেট না হারিয়ে ৩৭ রান করে। উল্লেখ্য, বরোদা প্রথম ইনিংসে ২৩৫ রান করেছিল। ফলে তারা আরো ২১০ রানে পিছিয়ে রয়েছে। আগামীকাল খেলার শেষ দিন।

\*\*\*\*\*

### **CM-Madhupur :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, শারীরিক সুস্থতার পাশাপাশি যুব সমাজের মধ্যে শৃঙ্খলাবোধ ও দেশাত্মবোধ গড়ে তোলার ক্ষেত্রে খেলাধুলার গুরুত্ব অপরিসীম। আজ সিপাহীজলা জেলার কমলাসাগর বিধানসভা কেন্দ্রের মধুপুর হাই স্কুল মাঠে কসবেশ্বরী নকআউট ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি আজ মধুপুর প্লে সেন্টারের পাশে একটি

জিম সেন্টারেরও উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য, বিধায়ক অন্তরা সরকার দেব, সুশান্ত দেব, সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত প্রমুখ। কসবেশ্বরী নকআউট ফুটবল টুর্নামেন্টে মোট ১২টি দল অংশগ্রহণ করেছে।

\*\*\*\*\*

#### **Naidu Trophy :**

ত্রিপুরা ও চন্ডিগড়ের মধ্যে কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে শুরু হয়েছে। চন্ডিগড়ের মহাজন ক্রিকেট মাঠে প্রথমে ব্যাট করতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে দিনের শেষে ২১৬ রান করে। ওপেনার ঋতুরাজ ঘোষ রায় সর্বাধিক ৪৮ রান করেন।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০.৬ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*